

RABINDRA BHARATI UNIVERSITY
VOCAL MUSIC DEPARTMENT

COURSE - B.A. (Compulsory Course) (CBCS) 2020

Semester - IV , Paper - I

Teacher - Dr. Sankar Bhattacharyya

D) Short notes on different elements of Tala.

১১) তালের জাতি - প্রাচীন কালে তালের মাত্রা সংখ্যা অনুসারে তাল-এর জাতি নির্ণীত হোত। অর্থাৎ জাতি বিন্যাসের মৌলিক উপাদান হল এর মাত্রা সংখ্যার সমষ্টি। জাতি পাঁচ প্রকার -

- ক) তিস্র জাতি - মাত্রার সমষ্টি যদি তিন বা তিনের গুনিতক গাণিতিক প্রগতি সম্পন্ন হয় (৩,৬,১২,২৪ ইত্যাদি) তাহলে তাকে তিস্রজাতি বলে।
- খ) চতুস্র জাতি - মাত্রার সমষ্টি যদি চার বা চারের গুনিতক গাণিতিক প্রগতি সম্পন্ন হয় (৪,৮,১৬,৩২ ইত্যাদি) তাহলে তাকে চতুস্রজাতি বলে।
- গ) খন্ড জাতি - মাত্রার সমষ্টি যদি পাঁচ বা পাঁচের গুনিতক গাণিতিক প্রগতি সম্পন্ন হয় (৫,১০,২০,৪০ ইত্যাদি) তাহলে তাকে খন্ডজাতি বলে।
- ঘ) মিশ্র জাতি - মাত্রার সমষ্টি যদি সাত বা সাতের গুনিতক গাণিতিক প্রগতি সম্পন্ন হয় (৭,১৪,২৮,৫৬ ইত্যাদি) তাহলে তাকে মিশ্রজাতি বলে।
- ঙ) সংকীর্ণ জাতি - মাত্রার সমষ্টি যদি নয় বা নয়ের গুনিতক গাণিতিক প্রগতি সম্পন্ন হয় (৯,১৮,৩৬,৭২ ইত্যাদি) তাহলে তাকে সংকীর্ণজাতি বলে।

১২) আঁড়লয় - নির্ধারিত লয়ের দুই মাত্রা সময়ের মধ্যে তিনটি স্বর, বর্ণ বা সংখ্যা প্রয়োগ হলে তাকে আঁড়লয় বা দেড়লয় বলে। অর্থাৎ এক মাত্রা সময়ের মধ্যে দেড় মাত্রা প্রদর্শন কে আঁড়লয় বলে।

বাঁপতালে আঁড়লয়

X	২			০			৩			
II ধী	না	I ধী	-ধী-	না-ধী	I -ধী-	না-তি	I -না-	ধী-ধী	-না-	II
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	

১৩) কুঁ-আড় লয় - নির্ধারিত লয়ের এক মাত্রা সময়ের মধ্যে পাঁচটি স্বর, বর্ণ বা সংখ্যা প্রয়োগ হলে তাকে কুঁ-আড়লয় বা সোয়ালয় বলে। অর্থাৎ এক মাত্রা সময়ের মধ্যে সোয়া মাত্রা প্রদর্শন কে কুঁ-আড়লয় বলে।

বাঁপতালে কুঁ-আড়লয়

X	২			০			৩				
II ধী	না	I ধী---	না ---	ধী-	--ধী--	I -না---	তি---না	I ---ধী-	--ধী--	-না---	II
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০		

১৪) বি-আড় লয় - নির্ধারিত লয়ের এক মাত্রা সময়ের মধ্যে সাতটি স্বর, বর্ণ বা সংখ্যা প্রয়োগ হলে তাকে বি-আড়লয় বা পৌনে দুইগুন লয় বলে। অর্থাৎ এক মাত্রা সময়ের মধ্যে পৌনে দুইগুন মাত্রা প্রদর্শন কে বি-আড়লয় বলে।

